



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

## লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা



লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, ই-মেইলঃ lalmatiagirllscollege@yahoo.com

স্মারক নং- ১/৩২-৩০৩০৯


তারিখ: ০১.০৭.২০২৪

### বিজ্ঞপ্তি

তারিখ : ২৪/০৬/২০২৪ খ্রি:

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের শিক্ষক-শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদেরকে নিম্নে উল্লিখিত নিয়মাবলী অনুসরণ করে যথাসময়ে কলেজে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো-

- ১। শিক্ষার্থীদেরকে কলেজের নির্ধারিত ইউনিফর্ম পরে গলায় আইডি কার্ড বুলিয়ে কলেজে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে। যে সকল শিক্ষার্থীরা বোরকা পরিধান করে তাদেরকে অ্যাস বা ছাই রঙের বোরকা ও সাদা স্কার্ফ পরিধান করতে হবে। ইউনিফর্ম/আইডি কার্ড ছাড়া এবং বিলম্বে কলেজে আসলে অভিভাবকগণকে অবহিত করে উক্ত শিক্ষার্থীদেরকে বাসায় ফেরত পাঠানো হবে।
- ২। শ্রেণি ভিত্তিক শিক্ষার্থী সনাক্ত করার লক্ষ্যে একাদশ শ্রেণির (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীরা হলুদ রঙের, দ্বাদশ শ্রেণির (২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ) শিক্ষার্থীরা সবুজ রঙের, ছাত্রীনিবাসে অবস্থানরত শিক্ষার্থীরা লাল রঙের এবং স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীরা নীল রঙের আইডি কার্ডের ফিতা ব্যবহার করবে। শিক্ষার্থীদেরকে নির্ধারিত কাউন্টার থেকে নির্ধারিত ফি প্রদান করে আইডি কার্ডের ফিতা সংগ্রহ করতে হবে।
- ৩। উচ্চ মাধ্যমিক শ্রেণির সকল বর্ষের শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, ক্লাস রুটিন অনুযায়ী নিয়মিতভাবে ক্লাসে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো। যৌক্তিক কোন কারণে একদিন ক্লাসে অনুপস্থিত থাকলে পরবর্তী দিনে গাইড শিক্ষক এর নিকট ছুটির আবেদন দিতে হবে।
- ৪। কোন শিক্ষার্থী পর পর ৩ (তিন) দিন ক্লাসে অনুপস্থিত থাকলে তার পিতা/মাতা/প্রকৃত অভিভাবকদেরকে বিষয়টি অবহিত করা হবে।
- ৫। উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদেরকে কমপক্ষে ৯০% ক্লাসে উপস্থিত থাকতে হবে।
- ৬। উল্লিখিত হারের চেয়ে ক্লাসের উপস্থিতি কম হলে তাকে কোন অবস্থায় সিটি/টার্মিনাল/বার্ষিক/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ৭। উল্লিখিত হারের চেয়ে ক্লাসে উপস্থিতি কম হলে বোর্ড এর চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণের অনুমতি দেয়া হবে না।
- ৮। এই কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে অধ্যয়নরত অবস্থায় যদি কোন শিক্ষার্থীর বিয়ে হয় (বাংলাদেশের বিবাহ আইন মোতাবেক ১৮ বছর পূর্ণ হওয়ার পর্বে) তাহলে তাকে টিসি নিয়ে চলে যেতে হবে।

  
১. ৭. ২০২৪  
(অধ্যাপক নাজনীন আক্তার চৌধুরী)  
অধ্যক্ষ  
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭।